দৈনিক ইনকিলাব

তারিখ ... JUL -1 8 1999
পৃষ্ঠা ৯ কলাম ৫

## বিশ্ববিদ্যালয় রাজনীতি চর্চা কেন্দ্র না জ্ঞান চর্চা কেন্দ্র?

আমার ছোট ভাই সবেমাত্র ঢাকা বিশ্ববিদ্যালয়ে ভর্তি হয়েছে। আগামী আগস্টে তার ক্লাস শুরু হবে। ঢাকাতে আমাদের আত্মীয়স্বজন না থাকার কারণে সিদ্ধান্ত নিই তাকে হলে উঠতে হবে। আর এজন্য সে হলে থাকার ব্যাপারে হলে নেতাদের সাথে যোগাযোগ করে। যোগাযোগ করার পর সে জানতে পারে, তাকে হলে উঠতে হলে কিছু শর্ত পূরণ করতে হবে। শর্তগুলো হলো ঃ (ক) রাজনীতিতে সময় দিতে হবে, (খ) হল পাহারা দিতে হবে, (গ) নিয়মিত মধুতে যেতে হবে, (ঘ) নিয়মিত মিছিলে যেতে হবে।

অন্যথায় তাকে হলে উঠতে দেয়া হবে না। আমার প্রশ্ন হল, একজন ছাত্র যদি এতগুলো শর্ত পূরণ করে, তাহলে পড়ালেখা করার সময় পাবে কোথায়? হয়ত প্রশ্ন উঠতে পারে (First year-এ) ১ম বর্ষে ছাত্রদের সীট বরাদ্দ দেয়া হয় না। কিন্তু বর্তমানে দেখা যাচ্ছে, রাজনীতি করার শর্তে হলে সীট দেয়া হচ্ছে অথচ একটি ছেলে পড়ালেখা করতে চাইলে তাকে হলে সীট দেয়া হচ্ছে না। মাননীয় উপাচার্যের কাছে আমার অনুরোধ, ১ম বর্ষের ছাত্রদের বর্তমানে রাজনীতি করার শর্তে হলে উঠানো হচ্ছে কিন্তু এখানে রাজনীতি নামক শব্দটি বাদ দিয়ে পড়ালেখা নামক শব্দটি যোগ করে পড়ালেখা করতে হবে, এই শর্তে কি ১ম বর্ষের ছাত্রদের হলে অবস্থান করতে দেয়া যায় না?

বিশ্ববিদ্যালয়ে ভর্তি হয়ে একটি গ্রামের দরিদ্র সন্তানকে যেমনটি পড়তে থাকার সমস্যায় তেমনটি পড়তে হয় লেখাপড়ার ব্যয় নির্বাহের সমস্যায়। ফলশ্রুতিতে তাকে করতে হয় টিউশনি কিংবা খণ্ডকালীন চাকরী, মেনে নিতে হয় রাজনীতিনির্ভর হল জীবন। গ্রামের ঐ সহজ সরল ছেলেটিকে হয়ত একদিন ধরতে হয় অস্ত্র, যেতে হয় মিছিলে— এছাড়াতো তার গত্যন্তর নেই। মাননীয় প্রধানমন্ত্রীর কাছে আমার অনুরোধ, ছাত্র রাজনীতিকে কি জাতীয় রাজনীতি থেকে ছিন্ন করা যায় না গ্রামের ঐ মেধাবী ছেলেদের জীবনের পরিপূর্ণ বিকাশের স্বার্থে। আমার প্রশ্ন, বিশ্ববিদ্যালয় কি জ্ঞানচর্চার কেন্দ্র না রাজনীতি চর্চার কেন্দ্র?

—হেলেন, অর্থনীতি বিভাগ, ৩য় বর্ষ (সম্মান),
ইডেন কলেজ।